


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা- ১২০৭।

www.lged.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০২.০০০০.০০১.৯৯.০০৩.২০-১৩৫৭

তারিখঃ ২৬/০২/২০২০ইং।

প্রতি

অতিরিক্ত প্রধান প্রকৌশলী

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

বিভাগঃ-----

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বিভাগীয় পর্যায়ে শিশু-কিশোরদের সঙ্গীত, নৃত্য ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতা আয়োজন প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- ৪৬.০২.০০০০.০০১.২৩.০০২.১৭.৫৩৯;

তারিখঃ ২০/০১/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে এলজিইডি'র কর্মকর্তা-কর্মচারীদের ছেলেমেয়েদের অংশগ্রহণে জেলা পর্যায়ে তিন গুপে (গুপ-কঃ ১ম শ্রেণী থেকে ৫ম শ্রেণী, গুপ-খঃ ৬ষ্ঠ শ্রেণী থেকে এসএসসি, গুপ-গঃ উচ্চ মাধ্যমিক থেকে তদূর্ধ্ব) সঙ্গীত, নৃত্য ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। জেলা পর্যায়ে প্রতি গুপের বিজয়ীদের নিয়ে বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। অতঃপর বিভাগীয় প্রতিযোগিতায় প্রতি ক্যাটাগরীতে ও গুপে প্রথম স্থান অধিকারীদের নিয়ে এলজিইডি সদর দপ্তরে চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

এমতাবস্থায়, বিভাগীয় অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণকে সংশ্লিষ্ট বিভাগের আওতাধীন জেলার বিজয়ী প্রতিযোগীদের নিয়ে বিভাগীয় প্রতিযোগিতার আয়োজন করতে অনুরোধ জানানো হলো। একই সঙ্গে বিভাগীয় প্রতিযোগিতার প্রতি ক্যাটাগরী ও গুপের প্রথম স্থান অধিকারীদের তালিকা আগামী ০৮/০৩/২০২০ তারিখের মধ্যে সদর দপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আইসিটি ও প্রকিউরমেন্ট) বরাবর প্রেরণের অনুরোধ জানানো হলো।

উল্লেখ্য সদর দপ্তরে আগামী ১৩ মার্চ ২০২০ তারিখে বিভাগীয় পর্যায়ে বিজয়ীদের মধ্যে চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতি গুপ ও ক্যাটাগরীর ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের অংশগ্রহণে ১৭ মার্চ, ২০২০ সদর দপ্তরে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। এজন্য ১৪, ১৫ ও ১৬ মার্চ, ২০২০ চূড়ান্ত পর্যায়ের বিজয়ীদের নিয়ে রিহার্সেল অনুষ্ঠিত হবে। চূড়ান্ত প্রতিযোগিতায় বিজয়ীদের ১৭ মার্চ, ২০২০ তারিখের অনুষ্ঠানে ফ্রেস্ট ও সনদ প্রদান করা হবে।

(সুশংকর চন্দ্র আচার্য)

প্রধান প্রকৌশলী

ফোনঃ ৯১২৪০২৭

ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপিঃ জ্ঞাতার্থে-

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, -----অঞ্চল, -----।
- ২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ----- [তঁর জেলায় তিন ক্যাটাগরীতে নির্বাচিত তিন গুপের বিজয়ী প্রতিযোগীর নাম সংশ্লিষ্ট বিভাগীয় অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো]।